# みんなの日本語-N5 bangla grammar

# Lesson-01

**Rules-1:** যে সকল বাক্যতে মূল Verb থাকেনা ঐ সকল বাক্যের শেষে です বসে। মূলত です শব্দটি কোন অর্থই প্রকাশ করেনা। আর এটা অবশ্যই মনে রাখতে হবে যে Subject এর পর সর্বদা particle (は) বসে। আর এখানে particle এর উচ্চারণ ওয়া হবে। আপনাদের কাছে মনে হচ্ছে যে এটির উচ্চারণ তো "হা"। আপনার অনুমান সঠিক। কিন্তু এই (は) "হা" যখন particle হিসেবে বসে তখন এর উচ্চারণ ওয়া হবে।

**Example:**

**(A)** わたし　は　ミラ　です。 (আমি হলাম মিরা।)

**ব্যাখ্যা:** প্রথমত, এই বাক্যতে কোন মূল verb নেই। তাই বাক্যের শেষে です বসেছে। দ্বিতীয়ত, এই বাক্যতে Subject হলো わたし(আমি)। আর Rules-1 অনুযায়ী আমরা জানি যে Subject এর পর particle (は) ওয়া বসে।

এখানে আরেকটি গুরুত্বপূর্ণ ব্যাপার হচ্ছে যে, উপরের পুরো বাক্যতে শুধুমাত্র মিরা (ミラ) শব্দটি হিরাগানায় না লিখে কাতাকানায় লিখা হয়েছে। আর এটি লিখার একটি কারন আছে। এখানে মিরা কোন জাপানিজ নাম নয়। আর জাপানে ,জাপানিজ কোন ব্যক্তি ব্যতীত অন্য কোন দেশের ব্যক্তির নাম হিরাগানা বা কানজিতে না লিখে শুধুমাত্র কাতাকানায় লিখতে হয়।

CS CamScanner

**Rules-2 :** যে সকল বাক্যতে মূল **Verb** থাকেনা ঐ সকল বাক্যকে প্রশ্নবোধক করতে হলে です এর সাথে か যোগ করতে হয়।

**Example:**

あのかた　は　どなた　ですか。(সে কে?)

あなた　は　がくせい　ですか。(তুমি কি ছাত্র?)

たなかさん　は　せんせい　ですか。(জনাব তানাকা কি শিক্ষক?)

**বি:দ্র:** জাপানি ভাষায় অন্য কোন ব্যক্তির সম্পর্কে কিছু বললে অথবা অন্য কারো ও নাম নিলে, তার মূল নামের পর অবশ্যই さん লাগাতে হবে। さん শব্দের অর্থ হলো জনাব। উপরের বাক্যতে たなか একটি জাপানিজ নাম। তাই তানাকার পর সান যোগ করে একসাথে বলতে হবে たなかさん。

**Rules-3:** যে সকল বাক্যতে মূল **Verb** থাকেনা ঐ সকল বাক্যকে **Negative** করতে হলে বাক্যর শেষে じゃありません অথবা ではありません বসাতে হবে।

**Example:**

ミラーさん　は　いしゃ　じゃありません。( জনাব মিরা ডাক্তার নন।)

CamScanner

もりさん　は　かいしゃいん　ではありません。(জনাব মোরি কোম্পানির চাকুরিজীবি নন।)

あなた　は　がくせい　ですか。(তুমি কি ছাত্র?) এখন এটির উওর যদি না হয় তাহলে বলতে হবে এইভাবে ,,,,,,,,,,

いいえ、がくせい　じゃありません。(না, ছাত্র নয়)

やまださん　は　いしゃ　ですか。( জনাব ইয়ামাদা কি ডাক্তার?) এখন উওর যদি হ্যা হয় তাহলে বলতে হবে এইভাবে,,,,,,,

はい、やまださん　は　いしゃ　です。(হ্যা, জনাব ইয়ামাদা ডাক্তার।)

**বি:দ্র: じゃありません** **অথবা** **ではありません** **দুটির ব্যবহার একই। এদের কোনটিই ভুল নয়। তবে, じゃありません টি বেশি ব্যবহার হয়।**

**Rules-4:** **অনেক সময় আমরা এরকম বলি, আজও স্কুল বন্ধ, আপনিও শিক্ষক, তুমিও কি একজন ডাক্তার। এই সকল বাক্যতে も ব্যবহার করতে হয়। জাপানি ভাষায় も হলো একটি particle. এর উচ্চারণ (মো) ই হবে।**

**Example:**

**(1)** তুমিও কি কোম্পানির চাকুরিজীবি? হ্যা, আমিও কোম্পানির চাকুরিজীবি।

あなた　も　かいしゃいん　ですか。はい、　わたし　も　かいしゃいん です。

CS CamScanner

**বি:দ্র:** আমরা আগে জেনেছি যে, Subject এর পর particle は বসে। কিন্তু উপরের উদাহরণে subject あなた এবং subject わたし এর পর কিন্তু は(ওয়া) বসে নাই। এর কারণ হলো একসাথে দুটি particle কখনো বসতে পারে না। উপরের বাক্যতে も ও একটি particle. তবে, একটি বাক্যতে একাধিক particle বসতে পারে। কিন্তু পাশাপাশি দুটি particle কখনো বসতে পারে না। তাই এভাবে কখনো বলা যাবে না যে, わたし　は　も　がくせい　です。এরকম বললে ভুল হবে।

**আমরা নিচে আরও কতগুলো উদাহরণ দেখে নেই:**

ミラーさん　も　かいしゃいん　ですか。যদি উওর হ্যা হয় তাহলে বলতে হবে,,,,

はい、ミラさん　も　かいしゃいん　です。আর যদি উওর না হয়, তাহলে বলতে হবে এইভাবে যে,

いいえ、かいしゃいん　じゃありません。

উপরের উদাহরণে, তখন উওর না হয়েছে তখন আর も particle use করতে হবে না। যদি এভাবে বলতেন,,,

いいえ、かいしゃいん　も　じゃありません。তাহলে ভুল হতো। আশাকরি বুঝতে পেরেছেন।

**Rules-5:** **আমরা এভাবে অনেক বলে থাকি, করিমের, আমার, তোমার, স্কুলের, জাপানি ভাষার ইত্যাদি। কিন্তু একটু খেয়াল করলেই বুঝতে পারবেন যে, উপরের মূল শব্দ গুলো হলো যথাক্রমে, করিম, আমি, তুমি, স্কুল, জাপানি ভাষা। একেবারে উপরের শব্দ গুলোতে অতিরিক্ত (র) বর্ন যোগ হওয়ায় প্রতিটি শব্দের শেষে (এর) উচ্চারণ হচ্ছে। এই**

CamScanner

**অতিরিক্ত (এর ) sound এর জন্য জাপানি ভাষায় particle の ব্যবহার করা হয়। আর ইংরেজী ভাষায় ব্যবহার করা হয় of.**

## Example:

**(1)** わたし　の　ほん　です。আমার বই।

**(2)** ミラーさん　は　がっこう　の　せんせい　です。জনাব মিরা হলো স্কুলের শিক্ষক।

তোমার=あなた　の

জাপানি ভাষার বই= にほんご　の　ほん

বাংলাদেশের আম= バングラデシュ　の　マンゴ

আলহামদুলিল্লাহ। আমাদের সাধ্যঅনুযায়ী Lesson 1 এর উপর একটি Basic আলোচনা শেষ করেছি। Lesson-1 এর মূল উদ্দেশ্য ছিল Subject identify করা। Subject চেনার উপায় দুটি।

**১/** বাক্যে যার সম্পর্কে বলা হয় সে subject.

**২/** বাক্যের ক্রিয়াকে (কে )দ্বারা প্রশ্ন করলে যে উওর পাওয়া যায় সেটা হবে বাক্যের Subject.

## Example:

করিম স্কুলে যায়। এই বাক্যতে ক্রিয়া হলো যায়। এখন প্রশ্ন করি,,,, কে যায়? উওর: করিম যায়। সুতরাং উপরের বাক্যের Subject হলো করিম। আর করিমের পর particle ( は) বসবে।

CS CamScanner

# Lesson-02

**Rules-1:** **এখানে আমরা শিখব これ、それ এবং あれ এর ব্যবহার।**

**(i)** যদি কোন বস্তু আপনার হাতে কিংবা আপনার হাতের কাছে হয়, তখন ঐ বস্তু সম্পর্কে বলতে চাইলে আপনাকে これ ব্যবহার করতে হবে।

**Example:**

これ　は　とけい　です。এটা ঘড়ি।

これ　は　やまばさん　の　です。এটা জনাব ইয়ামাদা সানের।

これ　は　なん　ですか。এটা কি?

これ　は　だれ　の　てすか。এটা কার?

**(ii)** ধরেন আপনি একজন লোকের পাশে দাঁড়িয়ে কথা বলতেছেন, ঠিক ঐ মুহূর্তে আপনি এমন কোন বস্তু সম্পর্কে জানতে চাচ্ছেন বা ঐ বস্তুর সম্পর্কে কিছু বলছেন যা ঐ ব্যক্তির নিকটে বা হাতে বা তার হাতের কাছে। এমতাবস্থায়, আপনি যদি ঐ বস্তুর সম্পর্কে কিছু বলতে চান, তাহলে ঐ বস্তুকে নির্দেশ করার জন্য আপনাকে それ ব্যবহার করতে হবে।

**Example:**

それ　は　ほん　ですか。ওটা কি বই?

CamScanner

それ　は　あなた　の　ですか。ওটা কি আপনার?

それ　は　だれ　の　かばん　ですか。ওটা কার ব্যাগ?

それ　は　テレビ　です。ওটা টেলিভিশন।

**(iii)**আর আপনি এমন কোন বস্তু সম্পর্কে জানতে চাচ্ছেন বা কথা বলতেছেন যা আপনার এবং আপনি যার সাথে কথা বলতেছেন, দুজনেরই হাতের নিকটে সেক্ষেত্রে あれ ব্যবহার করতে হবে

## Rules-2: **এখানে দেখব の এর ব্যবহার।**

わたしの=আমার (কিন্তু わたし অর্থ আমি)

あなたの=তোমার (কিন্তু あなた অর্থ তুমি)

わたしたちの=আমাদের ( কিন্তু わたしたち অর্থ আমরা)

あなたたちの=তোমাদের (কিন্তু あなたたち অর্থ তোমরা)

だれの=কার(কিন্তু だれ অর্থ কে)

かわの=নদীর( কিন্তু かわ অর্থ নদী)

やまださんの=জনাব ইয়ামাদার( কিন্তু やまださん অর্থ জনাব ইয়ামাদা)

がっこうの=স্কুলের (কিন্তু がっこう অর্থ স্কুল)

せんせいの=শিক্ষকের (কিন্তু せんせい অর্থ শিক্ষক)

こどもの=শিশুর (কিন্তু こども শিশু)

(বাংলা **(র)** এর মতো ব্যবহার হয়)

আশাকরি, সবাই の এর ব্যবহার বুঝতে পেরেছেন।

CS CamScanner

## Rules-3: এখানে আমরা শিখব この、その、あの এর ব্যবহার।

আমরা Lesson-2 এর Rules -1 এ これ、それ、あれ এর ব্যবহার শিখেছি। これ、それ、あれ এবং この、その、あの এর মধ্যে পার্থক্য শুধু এইটুকু যে, この、その、あの দিয়ে কোন বাক্য শুরু করতে হলে এর পর অবশ্যই Noun বসাতে হবে। কিন্তু これ、それ、あれ এর পর কখনো Noun বসেনা।

**Example:**

**(i)** これ は わたし の じしょ です。(এটা আমার ডিকশনারি।)

**(ii)** この じしょ は わたし の です。(এই ডিকশনারি আমার।)

**(i)** それ は くるま の かぎ です。(ওটা গাড়ীর চাবি।)

**(ii)** その かぎ は くるま の です。(ওই চাবিটি গাড়ীর।)

**(i)** あれ は どうぶつ の びょういん です。(ঐটা পশুর হাসপাতাল।)

**(ii)** あの びょういん は どうぶつ の です。(ঐ হাসপাতাল হলো পশুর।)

## Rules-4: そう です এর ব্যবহার শিখব।

**Example:**

CS CamScanner

**Karim:** これ　は　じしょ　ですか。(এটা কি ডিকশনারি?)

**Rahim:** そうです。(হ্যা, তাই)

উপরের উদাহরণে , করিম রহিমকে বলেছিল এটা কি ডিকশনারি? উওরে রহিম বলল হ্যা তাই। রহিম শুধু そうです না বলে আরেকটু politely বলতে পারত, はい、そうです。そうです হ্যা,তাই/ ঠিক আছে বুঝায়।

## Example:

**Karim:** きょう　は　あなた　の　しけん　ですか。( আজ কি তোমার পরীক্ষা)

**Rahim:** はい、そうです( হ্যা, তাই/ ঠিক আছে।)

## Rules-5: **এখানে শিখব そうじゃありません এবং ちがいます এর ব্যবহার। そうじゃありません হলো সম্পূর্ণ そうです এর বিপরীত।**

## Example:

**Karim:** それ　は　テレホンカード　ですか。(ওটা কি টেলিফোন কার্ড?)

**Rahim:** そうじゃありません。( তা নয়)

Karim এর প্রশ্নের জবাবে Rahim আরেকটু politely বলতে পারত いいえ、そうじゃありません。(না, তা নয়)

CamScanner

উপরে করিমের প্রশ্নের উত্তর নেতিবাচক আসায় রহিম উওরে বলেছিল(いいえ、そうじゃありません) অনুরূপ ভাবে, যদি প্রশ্নের উত্তর positive হতো তাহলে Rahim বলতো はい、そうです。 যা আমরা আগেই শিখেছি।

তবে উপরের প্রশ্নের জবাবে, রহিম そうじゃありません না বলেও অন্যভাবে উওর দিতে পারত। সেটা হলো いいえ、ちがいます。 (না, ভুল) ちがいます শব্দের অর্থ হলো ভুল বা পার্থক্য। আশাকরি, সবাই বুঝতে পেরেছেন।

## Rules-6: そうですか。

**Example:**

**Karim:** この　かさ　は　たなかさん の ですか。 (এই ছাতা কি জনাব তানাকার?)।

**Rahim:** いいえ、ちがいます(না, ভুল)

その　かさ　は　やまださん　の　です。 (এই ছাতা জনাব ইয়ামাদার)

**Karim:** そうですか。 ( তাই নাকি) ইংরেজীতে বলে I see.

## Final part: Example:

これ　は　ほん　ですか、じしょ　ですか。 (এটা কি বই　নাকি ডিকশনারি?)

あれ　は　がっこう　ですか　だいがく ですか。 (ঐটা কি স্কুল নাকি বিশ্ববিদ্যালয়?)

あれ　は　1　ですか　7　ですか。 (ঐটা কি এক নাকি সাত?)

CamScanner

আশাকরি উপরের format আপনারা বুঝতে পেরেছেন।

# Lesson-3

**Rules-1:** **জাপানি ভাষায় Place নির্দেশক শব্দ গুলো হলো ここ、そこ、あそこ。 আপনার কাছের place কে বুঝানোর জন্য আপনাকে ここ ব্যবহার করতে হবে। আপনি যার সাথে কথা বলতেছেন তার কাছের place কে বুঝানোর জন্য আপনাকে そこ ব্যবহার করতে হবে। আপানাদের দুজনের নিকট থেকে দূরে অবস্থিত এমন কোন place এর জন্য আপনাদের দুজনকেই あそこ ব্যবহার করতে হবে।**

**Example: (1)**

**Karim:** がっこう は どこ ですか。( স্কুল কোথায়?)

**Rahim:** あそこ です。(ঐ খানে)

**Example: (2)**

**Suma:** おてあらい は どこ ですか。(টয়লেট কোথায়?)

**Ruma:** ここ です。(এইখানে)

## More example:

ここ は じむしょ です。(এখানে অফিস।)

そこ は トイレ です。( ও খানে টয়লেট।)

あそこ は えき です。(ঐ খানে স্টেসন)

CamScanner

ミラーさん　は　あそこ　です。(জনাব মিরা ঐ খানে)

**Rules-2: Difference between どこ and どちら。দুটি শব্দের অর্থ কোথায় । তবে どこ থেকে どちら অনেক বেশি polite word. ঠিক একইভাবে ここ、そこ、あそこ এর polite from হলো こちら、そちら、あちら。এখন এদের ব্যবহার শিখে নেই। যদি どこ দিয়ে কোন প্রশ্ন করা হয় তাহলে এর উওর দিতে হবে ここ、そこ、あそこ দিয়ে। আর যদি どちら দিয়ে কোন প্রশ্ন করা হয় তাহলে এর উত্তর দিতে হবে こちら、そちら、あちら দিয়ে।**

**Example:**

**Karim:** うけつけ　は　どこ　ですか。( রিসিপশন ডেস্ক কোথায়?)

**Rahim:** あそこ　です。(ঐ খানে)

**Ruma:** きょうしつ　は　どちら　ですか。(ক্লাসরুম কোথায়?)

**Suma:** あちら　です。(ঐ খানে)

**Mita:** しょくどう　は　どこ　ですか。( ক্যান্টিন কোথায়?)

**Rita:** ここ です(এ খানে)

**Babul:** おてあらい　は　どちら　ですか。(টয়লেট কোথায়?)

**Abul:** こちら　です。(এখানে)

CamScanner

**বি:দ্র:** **আমরা জানি যে, どこ এর polite from হলো どちら。মূলত, কোন ব্যক্তির দেশ, বিশ্ববিদ্যালয়, কাজের স্হান ইত্যাদি বিষয়ে জানার জন্য どちら বেশি ব্যবহার হয়ে থাকে।**

**Example:**

おくに　は　どちら　です。(দেশ কোথায়?)

バングラデシュ　です。( বাংলাদেশ)

だいがく　は　どちら　ですか。(বিশ্ববিদ্যালয় কোথায়?)

DHAKA だいがく　です。(ঢাকা বিশ্ববিদ্যালয়)

**Final part:** জাপানি ভাষায় এমন কিছু শব্দ আছে যাদের আগে お বসিয়ে শব্দটি কে আরও polite করা হয়। এছাড়া অনেক শব্দের আগে ご বসিয়ে ও polite করা যায়। এগুলো কোন মাথা ঘামানোর বিষয় নয়। এগুলো সবাই lesson to lesson naturally শিখে ফেলে। So, don't worry. কিন্তু আজ আমি lesson -3 শেষ করার জন্য お বসিয়ে যেসব শব্দ polite করতে হয় , এরকম দু একটি শব্দ বর্ননা করব।

**Example:**

おくに( এখানে মূল শব্দ ছিল くに 。মানে くに হলো দেশ।)

おてあらい( এখানে মূল শব্দ ছিল てあらい。মানে てあらい　হলো টয়লেট।)

おまつり( এখানে মূল শব্দ ছিল まつり。মানে, まつり　হলো অনুষ্ঠান)

CamScanner

おみず( এখানে মূল শব্দ ছিল みず。 মানে, みず হলো পানি)

এমন অনেক আছে। তাই বুঝানোর জন্য এখানেই শেষ করছি।

# Lesson-4

**Rules-1:** বাংলা ভাষায় বর্তমান, অতীত এবং ভবিষ্যতের কাজ বুঝতে Verb এর তিনটি আলাদা from ব্যবহার করা হয়। যেমন:খাই, খেয়েছিলাম, খাব। ইংরেজী ভাষায় ও একই। যেমন: Go, went , gone ইত্যাদি। কিন্তু জাপানি ভাষায় একটু ব্যতিক্রম। এখানে বর্তমান ও ভবিষ্যৎকে বুঝানোর জন্য verb এর একটি মাএ from ব্যবহার করা হয়। অর্থাৎ, বর্তমানে verb এর যে রুপ ঠিক ভবিষ্যতের জন্য ও verb এর একই রূপ ব্যবহার করতে হয়। কিন্তু জাপানি ভাষায় অতীতের জন্য verb এর আলাদা from ব্যবহার করতে হয়। মোটকথা, জাপানি ভাষায় verb from দুটি। একটি বর্তমান ও ভবিষ্যৎ কে নির্দেশ করার জন্য। অপরটি শুধুমাত্র অতীতকে নির্দেশ করার জন্য।

**Example:**

| **Main verb** | **present/future** | **past** |
|---|---|---|
| おきます | おきます | おきました |
| いきます | いきます | いきました |
| きます | きます | きました。 |
| ねます | ねます | ねました |
| たべます | たべます | たべました |

CS CamScanner

| | | |
|---|---|---|
| します | します | しました |

**বি:দ্র:** উপরের ছকে যে মূল Verb আছে, ঐ main verb ই কিন্তু verb এর present এবং future form. উপরের verb গুলোর অর্থ যথাক্রমে, おきます(ঘুম থেকে উঠা), いきます(যাওয়া), きます(আসা), ねます(ঘুমানো),たべます(খাওয়া), します(করা)

যেহেতু জাপানি ভাষায় verb এর বর্তমান ও ভবিষ্যত কে বুঝানোর জন্য একটি মাত্র from ব্যবহার করা হয় , তাই আমরা এখন বর্তমানে ও ভবিষ্যত এ verb এর অর্থ দেখব।

おきます=ঘুম থেকে উঠে /ঘুম থেকে উঠবে

いきます=যায়/ যাবে

きます= আসে/ আসবে

ねます= ঘুমায়/ ঘুমাবে

たべます= খায়/ খাবে

します= করে/ করবে

**উপরের Verb গুলোর অতীত অর্থ নিম্নরূপ:**

おきました= ঘুম থেকে উঠেছিল

いきました= গিয়েছিল

きました= এসেছিল

ねました= ঘুমিয়েছিল

CS CamScanner

たべました= খেয়েছিল

しました= করেছিল

## ☆ *জাপানি Verb চেনার উপায় :*

জাপানি ভাষায় যে শব্দটি verb হবে সেই শব্দের শেষে আবশ্যই ます যুক্ত থাকবে। যা ইতিমধ্যে আমরা উপরের verb গুলোতে লক্ষ্য করেছি।

এখন আমরা জানবো যে জাপানি ভাষায় verb এর steam বা মূল অংশ কাকে বলে?

**Example:**

たべます=たべ+ます

ねます =ね+ます

いきます=いき+ます

আমরা একটু আগে জেনেছি যে জাপানি ভাষায় কোন শব্দ Verb হতে হলে , শব্দের শেষে আবশ্যই ます যুক্ত থাকতে হবে। আর এই ます এর পূর্বে যে part অবশিষ্ট থাকে তাকে verb এর steam (মূল) বলে। সুতরাং , たべます verb এর steam হলো たべ 。ねます verb এর steam হলো ね。いきます verb এর steam হলো いき。

আমাদের পরবর্তী আলোচনার জন্য verb এর steam চেনা খুবই গুরুত্বপূর্ণ। তাই শিখে নিলাম।

CS CamScanner

## এখন আমরা শিখব **Verb** এর **Negative** কিভাবে করতে হয়।

প্রথমে, present/future এর Negative দেখব:

| Present/future | present/future Neg |
|---|---|
| いきます | いきません |
| たべます | たべません |
| おきます | おきません |
| ねます | ねません |
| します | しません |

## এখন দেখব **Verb** এর **past** এর **Negative from:**

| Past from | past Negative |
|---|---|
| いきました | いきませんでした |
| たべました | たべませんでした |
| おきました | おきませんでした |
| ねました | ねませんでした。 |
| しまた | しませんでした。 |

**বি:দ্র:** একটু লক্ষ্য করলে বুঝতে পারবেন যে, Verb এর (present/ future) positive থেকে যখন কোন verb কে negative করা হচ্ছে তখন verb এর stem এর কোন পরিবর্তন হচ্ছে না। শুধু মাত্র ます অংশটুকু ません হয়ে যাচ্ছে।যেমন: ৮৯

CamScanner

きます　থেকে いきません。এখানে verb এর steam(いき) এর কোন পরিবর্তন হয়নি।

ঠিক অনুরূপ ভাবে, verb এর( past ) positive থেকে যখন past negative করা হয়েছে তখন ও verb এর steam এর কোন পরিবর্তন না হয়ে শুধুমাত্র ました অংশটুকু ませんでした হয়ে যাচ্ছে।

**উদাহরণ:** たべました থেকে たべませんでした。এখানে verb এর steam (たべ)　এর কোন পরিবর্তন হয়নি।

**Rules-2:** **Use of に。জাপানি ভাষায় に ব্যবহার এর অনেক rules আছে। এখানে আমরা শুধু মনে রাখব যে নির্দিষ্ট সময়ের পর に বসে। অর্থাৎ, সময়টা fixed করা থাকবে।**

**Example:**

まいあさ　6じ　に　おきます。( প্রতিদিন সকাল ছয়টায় ঘুম থেকে উঠি।)

**Karim:** がっこう　は　なん　じ　に　おわりますか。( স্কুল কয়টা বাজে শেষ হয়?)

**Rahim:** ごご　さん　じ　はん　に　おわります。( বিকেলে সাড়ে তিনটায় শেষ হয়।)

**বি:দ্র:** উপরের উদাহরণে Karim Rahim কে প্রশ্ন করেছিল। যেসকল বাক্যে মূল verb থাকে ঐ সকল বাক্যকে প্রশ্নবোধক করতে হলে শুধুমাত্র verb এর শেষ অতিরিক্ত か যোগ

CamScanner

করতে হয়। উপরে おわります verb এর অর্থ হলো শেষ হওয়া। তাই প্রশ্ন করার জন্য হবে おわりますか。

**Rules-3:** **Use of particle へ。এটির উচ্চারণ হিরাগানায় (হে) হলেও যখন এটি grammatically ব্যবহার করা হবে তখন へ এর উচ্চারণ (হে) না নয়ে (এ) হবে। এখন দেখব এটি কখন বসাতে হয়। কোন place এবং ( いきます、きます、かえります) এই তিনটি verb এর মাঝে particle へ(এ) বসে।**

**Example:**

わたし　は　だいがく　へ　いきます。( আমি বিশ্ববিদ্যালয়ে যাই।) একটু লক্ষ্য করলে দেখবেন だいがく এবং いきます এর মাঝে particle へ　বসেছে। কারন এখানে だいがく　একটি place . আর এর পরই উপরের rules অনুযায়ী তিনটি verb এর মধ্যে একটি verb আছে।

わたし　は　まいばん 8 じ　に　うち　へ　かえります。( আমি প্রতিরাত আটটায় বাসায় ফিরি।) উপরের উদাহরণে きます　না হয়ে かえります হয়েছে। কারন, きます　মানে আসা। কিন্তু かえります বলতে বাসায় ফেরা বা নিজ দেশে ফেরাকে বুঝায়। আর きます মানে আসা(come).

**Karim:** ミラーさん　は　なん　じ　に　じむしょ　へ　きますか。( জনাব মিরা কয়টা বাজে অফিসে আসবেন?)

CS CamScanner

**Rahim:** 9 じ　に　きます。( সকাল ৯ টায় আসবেন) এই উদাহরণে, আপনারা একটি question করতে পারেন যে, উপরের উদাহরণে きます এর আগে কেন へ　বসে নাই? কারন, Rahim Karim এর question এর উত্তর short করে দিয়েছে। Rahim বলেছে যে , সকাল নয় টায় আসবেন। সে কিন্তু বলে নাই যে সকাল নয়টায় অফিসে আসবেন। সে কিন্তু place এর নাম উচ্চারণ করে নাই। আর rules অনুযায়ী আমরা জানি যে, place এবং ঐ তিনটি নির্দিষ্ট verb এর মাঝখানে particle へ　বসে।

Rahim এই ভাবে ও answer দিতে পারত:

9 じ　に　じむしょ　へ　きます。

## Rules-4: **জাপানি ভাষায় から　শব্দের অর্থ থেকে/হতে । আর まで শব্দের অর্থ পর্যন্ত। এ দুটি শব্দ হলো particle. বুঝার জন্য এতটুকু enough.**

**Example:**

**(1)** ぎんこう　は　なん　じ　から　なん　じ　まで　ですか。( Bank কয়টা হতে কয়টা পর্যন্ত।)

**(2)** がっこう　は　ごぜん　8 じ　から　ごご　3 じ　まで　です。(স্কুল 8am হতে 3pm পর্যন্ত)

**(3)** やすみ　は　なん　ようび　まで　ですか。(ছুটি কি বার পর্যন্ত?)

**(4)** まいにち　ごご　10 じ　まで　はたらきます。(প্রতিদিন 10pm পর্যন্ত কাজ করি)

CS CamScanner

**(5)** この　ほん　は　にほん　から　かいました。(এই বই জাপান থেকে কিনেছিলাম)

**Rules-5:** **জাপানি ভাষায় と একটি particle. এর অর্থ হলো এবং। と (তো) particle এর আরেকটি অর্থ হলো সাথে।**

**Example:**

だれ=কে কিন্তু だれ　と= কার সাথে

**(1)** だれ　と　がっこう　へ　いきますか。(কার সাথে স্কুলে যাও?)

はは　と　がっこう　へ　いきます。(মার সাথে স্কুলে যাই)

**(2)** やすみ　は　なん　ようび　てすか。(ছুটি কি বার?)

やすみ　は　どようび　と　にちようび　です。(ছুটি শনিবার এবং রবিবার।)

**(3)** だれ　と　にほん　へ　きましたか。( কার সাথে জাপান এসেছিলেন?)

かぞく　と　きました。( পরিবারের সাথে এসেছিলাম।)

**(4)** わたし　と　やまださん　は　ひろしま　へ　いきました。(আমি এবং জনাব ইয়ামাদা হিরোশিমা গিয়েছিলাম।)

## Final part:

CamScanner

いま　なん　じ　ですか。(এখন কয়টা বাজে)

1 じ　です= একটা বাজে।

5 じ　はん　です= সাড়ে পাঁচটা বাজে।

7 じ 45 ふん です= সাতটা পঁয়তাল্লিশ বাজে।

8 じ 26 ぷん です= আটটা ছাব্বিশ বাজে।

2 じ 58 ぷん です= দুইটা আটান্ন বাজে।

6 じ 31 ぷん です= ছয়টা একত্রিশ বাজে।

12 じ 10 ぷん です= বারোটা দশ বাজে।

**বি:দ্র:** জাপানি ভাষায় যখন মিনিট প্রকাশ করা হয় তখন যদি মিনিটের ঘরের শেষ ডিজিট ( 0, 1, 6, 8) অথবা মিনিটের যদি একটিমাত্র ডিজিট হয় , আর ঐ ডিজিট যদি (0,1,6,8 ) হয় তখন মিনিটের sound ふん(ফুন) না হয়ে ぷん(পুন) হবে। আর অন্য সব ক্ষেত্রে ふん (ফুন) হবে। উদাহরণ: 7:30(শিচি জি সান জুপ পুন), 8:8( হাচি জি হাপ পুন), 5:14 ( গো জি ইয়োন ফুন)

জাপানি ভাষায় একটি sound প্রায় ব্যবহার হয়। সেটি হলো ですね。 এটি হলো অনেকটা ইংরেজী Tag question এর মত। আপনার দেওয়া উওর প্রশ্নের মত ছুড়ে দেওয়া। ধরুন, আপনাকে কেউ বলল যে, করিমের contact number কত? তখন আপনি বললেন করিমের number 01744940656 এত। আপনার দেওয়া উওর শুনে সে বলল ( ও 01744940656 এত, তাই না) এরকম ব্যবহার। আশাকরি বুঝতে পারছেন সবাই।

CS CamScanner

**Example:**

**Suma:** まいにち 15 じかん はたらきます。( প্রতিদিন 15 ঘন্টা কাজ করি)

**Ruma:** たいへん ですね。( কষ্ট হয়ে যায়, তাই না)

আসলে দেখুন উপরে রুমা ,,,সুমার প্রতিদিনের কাজের পরিমান জানার পরও আফসোস করার মধ্য দিয়ে আবার question ছুড়ে দিল। রুমার কথা শুনে মনে হচ্ছে সে আরও কিছু জানতে চায়। আশাকরি বুঝতে পারছেন সবাই।

# Lesson-5

**Rules-1:** **জাপানি ভাষায় なに/ なん অর্থ হলো কি। এই উপরের শব্দ দুটি ব্যতীত আরোও অনেক শব্দের সাথে কিছু particle যুক্ত হয়ে নতুন অর্থ প্রকাশ করে।**

**যেমন:**

なん অর্থ কি কিন্তু なん の অর্থ কিসের

なに অর্থ কি কিন্তু なに も অর্থ কিছুই

どこ অর্থ কোথায় কিন্তু どこ の অর্থ কোথাকার

どこ অর্থ কোথায় কিন্তু どこ も অর্থ কোথাও

**Example:**

CamScanner

あした　どこ へ　いきますか。(আগামীকাল কোথায় যাবে?)

どこ　も　いきません。( কোথাও যাব না)

উপরের প্রশ্নের উত্তর এই ভাবে ও দেওয়া যেত , どこ　へ　いきません。(কোথাও যাব না)

দুটি উওর এই সঠিক।

**Example:**

なに　も　たべませんでした。(কিছুই খাইনি) এখানে কিন্তু আবার も particle এর পরিবর্তে へ বসালে হবে না। ঐটা শুধুমাত্র উপরের উদাহরণের জন্য।

**Example:**

だれ　と　あいますか。( কার সাথে দেখা করবেন?)

だれ　も　あいません。( কারও সাথেই দেখা করব না)

আশাকরি, সবাই উপরের উদাহরণ ও particle এর ব্যবহার বুঝতে পেরেছেন।

**Final part:** **Use of Japanese alphabet よ。sometimes this Alphabet (よ) take place at the end of the sentence or word and emphasize the sound.**

**Example:**

**Karim:** বিরানি の　あじ　は　どう　ですか。(বিরিয়ানীর স্বাদ কেমন?)

CS CamScanner

**Rahim:** すごい あじ　です。( Great/awesome স্বাদ) কিন্তু করিমের প্রশ্নের উত্তর রহিম আরও strongly এই ভাবে দিতে পারত যে,

すごい　あじ　ですよ。( আরে মজা মানে, awesome মজা) এরকম ব্যবহার। আমরা এরকম expression প্রায় use করে থাকি আমাদের স্বাভাবিক বচন ভঙ্গিতে।

## More example:

**Ruma:** この　でんしゃ は　とうきょう　へ　いきますか。( এই ট্রেন কি টোকিও যাবে?)

**Suma:** いいえ、いきません(না, যাবে না)つぎ　の　でんしゃ　いきますよ。( পরবর্তী ট্রেন যাবেই) একটু জোর দিয়ে বলল, যাবেই। আশাকরি , আপনার clear হয়েছেন। আর জাপানি ভাষায় つぎ অর্থ পরবর্তী।

いつ　にほん　へ　きましたか。( জাপাiন কখন এসেছিলেন)

いつ অর্থ কখন। いつ　দিয়ে প্রশ্ন করা হলে, আপনার কাছ থেকে সময় জানতে চাচ্ছে। সময় হতে পারে( এই মাস, গত মাস, আগামী মাস, এই বছর, গত বছর, আগামী বছর, এই সপ্তাহ, এই মাসের এত তারিখ, এই রবিবার, এরকম ইত্যাদি।)

わたし　は　こんがつ　の　15 にち　に　にほん　へ　きました。( আমি এই মাসের 15 তারিখ জাপান এসেছিলাম)

# Lesson-6

CS CamScanner

**Rules-1:** **Use of particle (を). এটা হলো sentence এর object marker particle. তাই জাপানি ভাষায় object এর পর particle を(ও) বসে। কিভাবে আপনি object চিনবেন? Sentence এর verb কে( কি )দ্বারা প্রশ্ন করলে যে উওর পাওয়া যায় তাকে object বলে।**

**যেমন:**

করিম দুপুরে রুটি খাইছে। এই বাক্যতে verb হলো খাওয়া/ খাইছে। এখন প্রশ্ন করি। কি খাইছে? উওর আসল ,,,, রুটি। সুতরাং এই বাক্যের object হলো রুটি। তাই রুটির পর object particle (を) বসবে।

**Example:**

**Karim:** あした　なに　を　べんきょうしますか。( আগামীকাল কি অধ্যয়ন করবে?)

**Rahim:** にほんご　を　べんきょうします。( জাপানিজ ভাষা অধ্যয়ন করব)

উপরের উদাহরণে, প্রশ্ন করার সময় (なに を) ব্যবহার করা হয়েছে। তার মানে এই প্রশ্নের বিপরীতে যে উওর আসবে, ঐ বাক্যের object অবশ্যই আছে। অথবা এইভাবে ও বলতে পারেন যে আপনার কাছ থেকে বাক্যের object সম্পর্কে জানার জন্যই (なに を) দ্বারা প্রশ্ন করা হচ্ছে।

## More example:

CS CamScanner

**Suma:** きょう　なに　を　しましか。( আজ কি করবে?)

**Ruma:** サッカー　を　します。( আজ ফুটবল খেলব।)

**Rony:** きのう　の　よる　なに　を　たべましたか。( কাল রাতে কি খেয়েছিলেন?)

**Jony:** ごはん　と　にく　を　たべました。( ভাত এবং গোসত খেয়েছিলাম।)

**Babul:** けさ　なに　を　かいましたか。( আজ সকালে কি কিনেছিলেন?)

**Abul:** やさい　と　くだもの　と　あぶら　を　かいました。( শাকসবজি ,ফল এবং তেল কিনেছিলাম।)

উপরের বাক্যে けさ　মানে আজ সকাল। তাই けさ　ব্যবহার করে কোন প্রশ্ন করতে হলে অবশ্যই verb কে past from এ convert করে question করতে হবে। এবং ঐ けさ　দ্বারা করা প্রশ্নের উত্তর ও past tense এ দিতে হবে। কেননা, আজ সকালে ঘটে যাওয়া কাজ আমাদের জন্য অতীত হয়ে যায়।

## Rules-2: Use of particle (で).

### (1) Place এর action বুঝতে particle で use হয়।

**Example:**

えき　で　あいます。(স্টেসনে দেখা করব)

この　くるま　は　どこ　で　かいましたか。(এই গাড়ী কোথা থেকে কিনেছিলেন?)

にほん　で　かいました。( জাপান থেকে কিনেছিলাম) にほん　から　かいました。এইভাবে ও বলা যেত।

**(2)** **কোন কিছু দিয়ে অর্থে particle で ব্যবহার করা হয়। ইংরেজী by এর মত।**

**<u>Example</u>:**

でんしゃ　で　かいしゃ　へ　いきます。( I go to company by train)

ほうちょう　で　くだもの　を　きりました。( চাকু দিয়ে ফল কেটেছিলাম।) I cut fruits by knife.

て　で　ごはん　を　たべます。( হাত দিয়ে ভাত খাই।)

**(3)** **কোন কিছু থেকে কোন কিছু তৈরি হয় এমন বুঝতে particle (で) ব্যবহার করা হয়। ইংরেজী made from এর মত।**

**<u>Example</u>:**

CamScanner

き　で　テブル　を　つくります。( কাঠ থেকে টেবিল তৈরি হয়।) Table is made from wood. মূলত জাপানি ভাষায় き অর্থ tree. কিন্তু এখানে wood অর্থে ব্যবহৃত হয়েছে।

**(4)** **কিছুটা এ অর্থে ব্যবহৃত হয়। আসল কথা বলতে গেলে দিয়ে অর্থের মত।**

**Example:**

にほんご　で　かいて　ください。( দয়াকরে জাপানি ভাষায় লেখেন/ জাপানি ভাষায় দিয়ে লেখুন)

ここ　で　かいて　ください。( দয়াকরে এখানে লেখেন) অনেক সময় আমরা from পূরন করার সময় বলি যে, এখানে signature দেন বা লেখেন।

**Exception**: আমরা যখন পায়ে হেঁটে স্কুলে/ বিশ্ববিদ্যালয়ে / অফিসে বা কোথাও যাই তখন কিন্তু আমরা বলিনা (পায়ে হেঁটে দিয়ে স্কুলে যাই।) আমরা বলি পায়ে হেঁটে স্কুলে যাই। দিয়ে শব্দটি উচ্চারণ করি না।

তাই তখন বলতে হবে, あるいて　がっこう　へ　いきます。(পায়ে হেঁটে স্কুলে যাই) আর যদি কোন যানবাহন ব্যবহার করে যেতাম তাহলে particle で　ব্যবহার করতে হতো। তখন এরকম বলতাম,

じてんしゃ　で　がっこう　へ　いきます。( সাইকেল দিয়ে স্কুলে যাই।)

CS CamScanner

**বি:দ্র:** যদি place এর action না বুঝায় তাহলে particle (で) use না হয়ে particle (に) use হবে। সোজা কথা, নিচের চারটি verb এর সাথে কোন place এর relation থাকলে , তখন ঐ place এর পর particle (に) বসে। Verb গুলো হলো あります、います、すみます( বাস করা) , つとめます(কোম্পানিতে কাজ করা) . উপরের あります এবং います দুটি verb এর অর্থ (আছে)। পার্থক্য হলো কোন বস্তু যাদের জীবন নেই ঐসব বুঝতে あります এবং যাদের জীবন আছে,

**যেমন:**

**মানুষ, প্রানী বুঝতে います ব্যবহার করা হয়।**

**Example:**

わたし　は　とうきょう　に　すんでいます。( আমি টোকিও বাস করি।)

IMC かいしゃ　に　つとめています。( IMC company তে কাজ করি।)

ミラーさん　は　じむしょ　に　います。( জনাব মিরা অফিসে আছে।)

どうぶつえん　に　へび　が　あります。( চিড়িয়াখানায় সাপ আছে)

উপরের চারটি বাক্যতে যথাক্রমে ( টোকিও, IMC company, জিমুসো, どうぶつえん) place থাকার পরেও particle (で) use না হয়ে particle (に) use হয়েছে।

CamScanner

কারন উপরের চারটি বাক্যতে উল্লেখিত verb গুলো আছে। বা বলতে পারেন যে ঐসব place এ verb এর কোন action সংঘটিত হয় নি। আশাকরি , সবাই বুঝতে পেরেছেন।

**Rules-3(Final part):** **জাপানি ভাষায় কাউকে কোন কিছুর জন্য offer জানানোর জন্য এই ( verb এর stem+ ませんか) format এ করতে হবে। আর অপর পক্ষ সেই offer এর উত্তর দেওয়ার জন্য এই ( verb এর stem+ましょう ) format এ দিতে হয়।**

**Example:**

**Karim:** いっしょに　たべませんか。(একসাথে খাওয়া যায় কি?)

**Rahim:** はい、たべましょう。( হ্যা, খাওয়া যায়)

**Suma:** きょう　あそびませんか。( আজ বেড়াতে যাওয়া যায় কি?)

**Ruma:** はい、あそびましょう。( হ্যা, বেড়াতে যাওয়া যায়।)

যদি offer এর উওর না হয়, তাহলে নিম্নোক্ত উপায়ে answer দিতে হয়।

**Mita:** あした　あいませんか。( আগামীকাল দেখা করা যায় কি?)

**Rita:** いいえ、まだ　です。( না, অন্য সময়)

**বি:দ্র: Place সম্পর্কে জানতে চাইলে ( どこ に) এবং ( どこ で) দিয়ে question করতে হয়। আমরা এই lesson-6 এর rules -2 এ শিখেছি যে place এর action বুঝতে で এবং action না বুঝালে に ব্যবহার করতে হয়।**

CS CamScanner

**যেমন:**

やまださん　は　どこ　に　いますか。( জনাব ইয়ামাদা কোথায় আছেন?)

じむしょ　に　います。(অফিসে আছে)

この　くるま　は　どこ　で　かいましたか。( এই গাড়ী কোথায় হতে কিনেছিলেন?)

にほん　で　かいました。( জাপান হতে কিনেছিলাম।)

# Lesson-7

**Rules-1:** **কোন ব্যক্তির নিকট হতে কিছু গ্রহণ করলে অথবা কোন ব্যক্তিকে কিছু প্রদান করা হলে ঐ ব্যক্তিকে নির্দিষ্ট করার জন্য ঐ ব্যক্তির পর particle (に) বসাতে হয়। কিন্তু কোন প্রতিষ্ঠানের নিকট থেকে কিছু নেওয়া হলে বা পাওয়া গেলে から বসাতে হয়। এছাড়াও আমরা আগে শিখেছি যে, কোন সময় কে নির্দিষ্ট করে বুঝানো হলে এর পর に বসে। কোন ব্যক্তিকে নির্দিষ্ট করে বুঝানোর জন্য に বসে। আমরা জানি place এর action না বুঝালে ঐ place এর পর ও に বসে। こんがつ、らいがつ、らいねん、せんしゅう ইত্যাদি থাকলে এর পর に বসে না। কেননা, এগুলো সময়কে নির্দিষ্ট করে না। যদি এরকম বলে যে,( こんがつ　の　12 にち, らいねん　の　いちがつ ইত্যাদি) তাহলে কিন্তু সময় নির্দিষ্ট হয়ে যায়। তখন ঐ সময়ের পর に বসে।**

CamScanner

**Example:**

わたし　は　ミラーさん　に　ほん　を　もらいました。(আমি জনাব মিরা থেকে বই পেয়েছি।) উপরের বাক্যে subject わたし。 তাই এর পর particle は বসছে। Object হলো ほん。তাই এর পর particle を বসছে। এবং জনাব মিরাকে নির্দিষ্ট করার জন্য particle に　বসছে।

**Example:**

たなかさん　は　やまださん　に　くるま　を　あげました。( জনাব তানাকা, জনাব ইয়ামাদাকে গাড়ি দিয়েছিল।)

ぎんこう　から　おかね　を　もらいました。( Bank থেকে টাকা পেয়েছি।)

がっこう　から　にほんご　を　ならいました。( স্কুল থেকে জাপানিজ ভাষা শিখেছিলাম।)

こんがつ　は　きょうと　へ　いきます。( এই মাসে কিয়োত যাব।)

らいがつ　の　22 にち　に　だいがく　に　はいります。( আগামী মাসের ২২ তারিখ বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করব।)

かいしゃ　に　でんわしました。(কোম্পানিতে কল দিয়েছিলাম।)

いま　どこ　に　いますか。(এখন কোথায় আছ?)

とうきょう　に　います。(টোকিও আছি।)

CS CamScanner

いま　とご　で　はたらいています。(এখন কোথায় কাছ করতেছ?)

ぎんこう　で　はたらいています。( Bank এ কাজ করতেছি।)

একটু ইংরেজীতে তুলনা করে (に) এর ব্যবহার দেখি:

On Sunday= にちようび　に

At 3 On= さん　じ　に

In December= じゅうに　がつ　に

In 1999= 1999 ねん　に

**Rules-2 (Final part):** **もう　দিয়ে প্রশ্ন করার সময় অবশ্যই past tense এ করতে হয়। もう　দ্বারা করা প্রশ্নের উত্তর ও past tense এ দিতে হয়। জাপানি ভাষায় (もう) এর অর্থ হলো Already ( ইতিমধ্যে)।**

**Example:**

**Karim:** もう　ごはん　を　たべましたか。(Already, খাবার কি খেয়ে ফেলেছেন?)

**Rahim:** はい、もう　たべました。

( হ্যা, Already খেয়ে ফেলেছি।)

**Suma:** もう　にもつ　を　おくりましたか。( Already, মালপত্র কি পাঠিয়ে দিয়েছেন?)

**Ruma:** いいえ、まだ　です。( না, এখনও নয়)

CamScanner

আর যদি মালামাল পাঠিয়ে দিত , তাহলে উত্তর হতো: はい、もう　おくりました。

# Lesson-8

**Rules-1:** **জাপানি ভাষায় Adjective কে বলে (けいようし)। এই Adjective কে আবার দুই ভাগে ভাগ করা যায়।**

**যেমন:**

**(১)** い-けいようし　**(২)** な-けいようし।

**এখন আমরা কিছু い-けいようし এর নাম দেখব।**

**যেমন:**

たかい(expensive), あまい( sweet), いい(ভাল), むずかしい(কঠিন), おもしろい(Interesting) ইত্যাদি। আপনার একটি বিষয় হয়তো অবশ্যই লক্ষ্য করছেন যে, উপরের প্রতিটি শব্দের শেষে (い) Alphabet আছে। এজন্য এদেরকে বলা হয় い-けいようし।

**এখন দেখব কিছু な-けいようし এর নাম দেখব।**

**যেমন:**

CamScanner

ゆうめいな( familiar), べんりな(convinient), しんせつな( novel), たいせつな( Important) , へたな( inexpert), にぎやかな (lively) ইত্যাদি। উপরের প্রতিটি শব্দ গুলোর শেষে (な) Alphabet আছে। তাই এদেরকে な-けいようし বলা হয়। যে কোন な-けいようし এর শেষের (な) Alphabet টি একটি বিশেষ Grammar maintain করে চলে। নিচের example গুলোর মাধ্যমে concept টি clear করার চেষ্টা করব।

**(1)** とうきょう　は　にぎやか　です。( টোকিও হলো প্রাণবন্ত)

উপরের উদাহরণে , にぎやか একটি (な-けいようし) । কিন্তু এর পরও ( にぎやかな) হয়নি। অর্থাৎ, ঐ শব্দের শেষে (な) Alphabet যুক্ত হয়নি। এখন নিচের আরেকটি উদাহরণ দেখুন। তাহলে concept টি পুরোপুরি clear হয়ে যাবে।

**(2)** とうきょう　は　にぎやかな　まち

です。(টোকিও একটি প্রাণবন্ত শহর)

এই বাক্যতে にぎやかな হয়েছে। শব্দের শেষে (な) Alphabet টি বসেছে। এর কারণ হলো যে, এখানে にぎやかな এর পর আরেকটি শব্দ বসেছে। আর সেই শব্দটি হলো একটি Noun।

まち　মানে শহর।

**Rules:** **কোন (な-けいようし) এর পর যদি কোন Noun আসে , তাহলে উক্ত (な-けいようし) এর শেষে (な) Alphabet যুক্ত করে বসাতে হবে।**

CS CamScanner

Otherwise not. এছাড়া অন্য যেকোন অবস্থাতেই (な-けいようし) এর শেষে (な) Alphabet টি যুক্ত হবেনা।

**Rules-2:** এখানে い-けいようし এর **present/ future from** এর **positive negative** এবং **past from** এর **positive negative** কিভাবে পরিবর্তন হয় তা দেখব।

| PRESENT/FUTURE (Positive) | PRESENT FUTURE (negative) |
|---|---|
| たかい　です | たかくない　です |
| あまい　です | あまくない　です |
| あたらしい です | あたらしくない です |
| いい です( ব্যতিক্রম) | よくない　です |

উপরে present positive হতে past negative করার সময় শুধুমাত্র (い) Alphabet উঠিয়ে এর পরিবর্তে (くない) যোগ করা হয়েছে।

| PAST (positive) | PAST (negative) |
|---|---|
| たかかった　です | たかくなかった です |
| あまかった　です | あまくなかった です |
| あたらしかった です | あたらしくなかった です |

CS CamScanner

| | |
|---|---|
| よかった　です | よくなかった です |

উপরের **past positive** হতে **past negative** করার সময় শুধুমাত্র শেষের (かった) অংশটুকুর আগে অতিরিক্ত (くない) যোগ করে বসানো হয়েছে।

**বি:দ্র:** এরপরও আপনাদের বুঝতে অসুবিধা হলে い-けいようし এর present from হতে past from এর পরিবর্তন নিচে দেখানো হলো।

| Present from | Past from |
|---|---|
| たかい　です | たかった　です |
| あまい　です | あまかった です |
| あたらしい です | あたらしかった です |
| いい です(Exceptional) | よかった です |

উপরে **present** থেকে **past** এ পরিবর্তন করার সময় শুধুমাত্র (い) **Alphabet** উঠিয়ে (かった) বসাতে হবে।

**Rules-3:** এখানে আমরা জাপানি ভাষায় (な-けいようし) এর **present/future from** হতে **past from** এ পরিবর্তন এবং এদের **positive** হতে **negative** এ পরিবর্তন শিখব।

**PRESENT/FUTURE**　　**PRESENT/FUTURE**

CamScanner

| (Positive) | (negative) |
|---|---|
| きれい　です | きれい じゃありません |
| へた　です | へた じゃありません |
| しずか　です | しずか じゃありません |

উপরের উদাহরণে শুধুমাত্র です　এর পরিবর্তে じゃありません যোগ করে present positive থেকে present negative করা হয়েছে।

| (PAST POSITIVE) | (PAST NEGATIVE) |
|---|---|
| きれい でした | きれい じゃありませんでした |
| へた でした | へた じゃありませんでした |
| しずか でした | しずか じゃありませんでした |

উপরের উদাহরণে past positive থেকে past negative করার সময় শুধুমাত্র でした এর পূর্বে অতিরিক্ত じゃありません যোগ করা হয়েছে।

| (PRESENT/FUTURE) | ( PAST ) |
|---|---|
| きれい　です | きれい でした |
| へた　です | へた でした |
| しずか です | しずか でした |

CamScanner

উপরের উদাহরণে **present from** থেকে **past from** এ পরিবর্তন করার সময় শুধুমাত্র です　এর পরিবর্তে でした যোগ করা হয়েছে।

## Rules-4 (practical problem)

**(1)** ミラーさん　は　しんせつ　です。(জনাব মিরা হলো দয়ালু।)

**(2)** ミラーさん　は　しんせつな　ひと です

( জনাব মিরা হলো দয়ালু ব্যক্তি।)

আশাকরি উপরের (な-けいようし) এর grammatical problem সবাই বুঝতে পেরেছেন।

**(3)** ふじさん　は　たかい　です。( ফুজি পাহাড় উঁচু)

**বি:দ্র:** জাপানিজরা ফুজি পাহাড়কে সম্মান দেখিয়ে ঐ পাহাড়ের নামের সাথে さん যোগ করে।

**(4)** あそこ　は　しずか　じゃありません。(ঐখানে নীরব নেই।)

**(5)** わたし　は　にほんご　で　へた　です(আমি জাপানি ভাষায় দুর্বল।)

## Rules-5: **Use of Particle (が). In ( lesson-8 ) が will be use as a meaning is (And).**

**<u>Example</u>:**

CS CamScanner

**Karim:** にほんの　せいかつ　は　どう　ですか。( জাপানের জীবন কেমন?)

**Rahim:** いそがしい　ですが　たのしい　です。( ব্যস্ত কিন্তু আনন্দদায়ক।)

**Suma:** にほん　の　たべもの　は　どう　ですか。( জাপানের খাবার কেমন?)

**Ruma:** おいしい　ですが　たかい　です。(সুস্বাদু কিন্তু দামী।)

せいかつ= life style

どう= কেমন

たべもの= খাবার(Noun) but たべます=(খাওয়া) একটি verb.

## Rules-6: Use of とても

**And あまり。とても এর সাথে সর্বদা positive sentence হয়। আর あまり এর সাথে সর্বদা negative sentence হয়।**

**Example:**

**(1)** バングラデシュ　は　あまり　さむくない　です。( বাংলাদেশ তেমন ঠান্ডা নয়) ঠান্ডা কিন্তু অত্যধিক ঠান্ডা না।

**(2)** にほん　の　くるま　は　とても

CamScanner

いい　です。( জাপানের গাড়ি অনেক ভাল।)

**(3)** わたし　は　おさけ　を　あまり　すき　じゃありません。( আমি মদ তেমন পছন্দ করিনা) অর্থাৎ, পান করি। কিন্তু অনেক না। এই রকম অর্থে ব্যবহৃত হয়।

আর একবারেই না করার জন্য জাপানি ভাষায় use হয় ぜんぜん　শব্দটি। এর অর্থ একেবারেই। এই word এর সাথে always negative sentence হয়।

**Example:**

**(1)** わたし　は　おさけ　を　ぜんぜん

すき　じゃありません。( আমি মদ একেবারেই পছন্দ করি না।)

**(2)** にほんご　は　ぜんぜん　わかりません。( জাপানি ভাষা একেবারেই বুঝি না।)

## Final part: Example :

**Kraim:** なら　は　どんな　まち　ですか。( নাড়া কি ধরনের শহর।)

**Rahim:** なら　は　ふるい　まち　です。( নাড়া একটি প্রাচীন শহর।)

**Ruma:** ミラーさん　の　かさ　は　どれ　ですか。( জনাব মিরার ছাতা কোনটি।)

**Ruma:** あの　あおい　かさ　です。(ঐ নীল ছাতাটি।)

CamScanner

どんな= what kinds of

どれ　ですか= which.

# Lesson-9

**Rules-1:** **( あります,います,わかります) এই তিনটি verb এর object particle এর জন্য (を) ব্যবহার না করে (が) ব্যবহার করতে হয়। আর object চেনার উপায় হলে: বাক্যের verb কে (কি) দ্বারা প্রশ্ন করলে যে উওর পাওয়া যায় সেটা হবে object. আমরা এটাও জানি যে あります এবং います এ দুটি verb এর অর্থ হলো (Have) বা আছে। তবে এই দুটির মধ্যে পার্থক্য আছে। জড়বস্তুর জন্য あります ব্যবহার করা হয়। আর জীবের জন্য います ব্যবহার করা হয়।**

**Example:**

**(1)** わたし　は　にほんご　が　わかります。( আমি জাপানি ভাষা পারি)

এখন object চেনার জন্য verb কে প্রশ্ন করি। কি পারি? উওর আসলো যে にほんご পারি।

**(2)** ミラーさん　は　くるま　が　あります

( জনাব মিরার গাড়ি আছে)

কি আছে? উওর গাড়ি আছে।

CamScanner

**(3)**あそこ　に　ひと　が　います。(ঐখানে লোক আছে)

কি আছে? লোক আছে।

**(4)**へや　の　となり　に　にわ　が　ありす。( রুমের পাশে বাগান আছে।)

কি আছে? বাগান আছে।

**(5)** じむしょ　に　やまばさん　が　います

( অফিসে জনাব ইয়ামাদা আছে।)

কে আছে? জনাব ইয়ামাদা আছে।

**বি:দ্র:** অন্য সব ক্ষেত্রে **object** নির্দেশ করার জন্য **particle (を)** বসে।

**Rules-2:** **(すき, きらい, へた, じょうず) এই চারটি Adjective এর object নির্দেশ করার জন্য particle が বসে।**

**Example:**

**(1)**わたし　は　イタリア　りょうり　が　すき　です。( আমি ইটালিয়ান রান্না পছন্দ করি)

কি পছন্দ করি? উওর আসলো ইটালিয়ান রান্না।

CamScanner

**(2)** かれ　は　にほんご　が　じょうず です。( সে জাপানি ভাষায় দক্ষ।)

কি দক্ষ? উওর: জাপানি ভাষায় দক্ষ।

**(3)** ぶたにく　が　きらい　です。( শুয়োরের মাংস অপছন্দ করি।)

## Rules-3: Use of (よく、あまり、ぜんぜん、だいたい、すこし)

**Example:**

**(1)** わたし　は　にほんご が　よく　わかります。( আমি জাপানি ভাষা ভালো পারি।)

**(2)** かんじ　が　あまり　できません。( কানজি তেমন পারিনা) অর্থাৎ অল্প পারি।

**(3)** かんじ　が　ぜんぜん　できません。

( কানজি একদমই পারি না।) অর্থাৎ অল্প ও পারি না।

**(4)** えいご　が　だいたい　わかります。(ইংরেজী ভাষা মোটামুটি বুঝি।)

**(5)** えいご　が　すこし　わかります。( ইংরেজী ভাষা অল্প পারি।)

**(6)** この　えいが　は　ぜんぜん

CamScanner

おもしろくない。( ঐ মুভি একেবারেই মজার ছিলনা।)

**বি:দ্র: ぜんぜん এবং あまり এর সাথে সর্বদা negative sentence হয়। আর よく、すこし এবং だいたい এগুলোর সাথে সর্বদা positive sentence হয়।**

**Rules-4(Final part):** **এখানে から এর ব্যবহার শিখব। এখানে から দুটি অর্থে ব্যবহৃত হবে। একটি (বলে অর্থে )অপরটি না (বলে অর্থে)।**

**<u>Example</u>:**

**Karim:** どうして、しんぶん　を　よみません。( কেন পত্রিকা পড় নাই)

**Rahim:** じかん　が　ありません　から

しんぶん　を　よみませを。( সময় ছিল না বলে পত্রিকা পড়তে পারি নাই।)

**Ruma:** どうして、はやく　うち　へ　　かえりますか。( কেন তাড়াতাড়ি বাসায় ফিরবেন?)

**Suma:** こども　の　たんじょう です

から　はやく　うち　へ　かえります。( বাচ্চার জন্মদিন বলে, তাড়াতাড়ি বাসায় ফিরব।)

CS CamScanner

**Mita:** どうして、にほん　へ　いきませんでした。( কেন জাপান যান নি।)

**Rita:** おかね　が　ありませんでした　から( টাকা ছিল না বলে।)

# Lesson-10

## Rules-1: Use of や。এই particle এর অর্থ এবং। আমরা জানি と particle ও এবং অর্থে ব্যবহৃত হয়।

**Example:**

**(1)** この　はこ　の　なか　に　てがみ　や　しゃしん　が　あります。( এই box এর ভিতরে চিঠি এবং ছবি আছে।)

**(2)** わたし　の　へや　に　いす　や　テブル　など　が　あります。( আমরা রুমে চেয়ার এবং টেবিল ইত্যাদি আছে।)

**বি:দ্র:** উপরের বাক্যে など অর্থ e.t.c বা ইত্যাদি এরকম । আশাকরি বুঝতে পেরেছেন।

## Rules-2: an expressional use of ですか。

CamScanner

**Example:**

**Ruma:** えき　は　どこ ですか。( স্টেশন কোথায়?)

**Suma:** えき　ですか。( স্টেশন নাকি?)

**Ruma:** はい　(হ্যা)

**Suma:** えき　は　あそこ　です。(স্টেশন ঐ খানে।)

উপরের বাক্যে প্রথম রুমা সুমাকে ask করল যে, স্টেশন কোথায়? সুমা কিন্তু বুঝতে পারছে রুমার কথা। তরপরও সুমা একটু over sure হওয়ার জন্য expression দেখিয়ে বলল えき　ですか ( স্টেশন নাকি?) । আমার ও personal life a এরকম expression দিয়ে থাকি। আশাকরি সবাই বুঝতে পেরেছেন।

## Final part: Example

**(1)** うけつけ　に　だれ　が いますか。( Reception desk a কে আছেন?)

**(2)** ミラーさん　が　います。( জনাব মিরা আছেন।)

**(3)** へや　の　となり　に　にわ　が

あります。( রুমের পাশে বাগান আছে।)

CS CamScanner

まえ、うしろ、みぎ、ひだり、ちかく、

となり、うえ、した　ইত্যাদি দিক নির্দেশক **word** এর পর কোন কিছুর অবস্থান বুঝতে **particle** に　বসে।

**যেমন:**

**(1)** うしろ　に　あります。( পিছনে আছে।)

**(2)** やまださん　は　わたし　の　みぎ　に　います。( জনাব ইয়ামাদা আমার ডানে আছে।)

# Lesson-11

**Part-1:** মূলত **lesson (11)** এ **grammatical use** নেই। এখানে কিছু গুরুত্বপূর্ণ শব্দের ব্যবহার আছে। যা আমরা দেখব।

**উদাহরণ:**

**(1)** みかん　を　いくつ　かいましたか。

( কমলা কয়টি কিনেছিলেন?)

**(2)**みかん　を　よっつ　かいました。

( কমলা চারটি কিনেছিলাম।)

**いくつ= কয়টি**

CamScanner

**বি:দ্র:** জাপানি ভাষায় ( ১ থেকে ১০) পর্যন্ত বলার জন্য ১০ টি বিশেষ **vocabulary** আছে। যা আপনারা **vocabulary part** এ পাবেন। তাই いくつ দিয়ে প্রশ্ন করা হলে সর্বদা ঐ ১০ টি বিশেষ **vocabulary** ব্যবহার করে দিতে হবে। তবে **answer** অবশ্যই দশ এর মধ্যে হতে হবে। দশের অধিকের জন্য স্বাভাবিক গণনা ব্যবহার করতে হবে।

## Part-2:

**Example:**

**(1)** くに　で　どのぐらい　にほんご　を　べんきょうしましたか。( দেশে কত সময় জাপানি ভাষা অধ্যয়ন করেছিলেন)

**(2)** よん　か　げつ　ぐらい　にほんご　を　べんきょうしました。( চার মাসের মত অধ্যয়ন করেছিলাম।)

**どのぐらい= কতসময়**

**বি:দ্র:** আমরা জানি জাপানি ভাষায় মাস অর্থ হলো がつ কিন্তু উপরের বাক্যে がつ না হয়ে げつ হয়েছে। কারন , ঐ ব্যক্তি চার মাস ভাষা শিখেছিল। এখন সে বছরের বারটা মাসের মধ্যে কোন চার মাস ভাষা শিখেছিল তা আমরা কেউ বলতে পারছিনা। মাস গুলো নির্দিষ্ট নয়। তাই がつ না হয়ে げつ হবে। পাঁচ মাস হলে হলে বলতে হতো ごか げ

CamScanner

つ　। অর্থাৎ এই format এ অতিরিক্ত か　যোগ হচ্ছে ご　এর পর। ছয় মাস হলে বলতে হতো ろっか　げつ

**Part-3: Difference between だい　and まい。জাপানি ভাষায় ভারী বস্তু অর্থাৎ মেশিন, গাড়ি, বাই সাইকেল ইত্যাদি গণনার জন্য だい ব্যবহার করা হয়। আর কোন হালকা বস্তু যেমন: কাগজ, শার্ট, প্লেট, সিডি ইত্যাদি গণনার জন্য まい ব্যবহার করা হয়।**

**Example:**

**(1)** あそこ　に　くるま　を　いち　だい　あります。(ঐখানে একটি গাড়ি আছে।)

**(2)** かみ　を　に　まい　ください。( আমাকে দয়া করে দুই টুকরা কাগজ দেন।)

**বি:দ্র:** জাপানি ভাষায় মূলত দেওয়া অর্থ হলো あげます । আর ください　অর্থ হলো দয়া করে অর্থে। কিন্তু জাপানি ভাষায় খুবই politely কারও নিকট হতে কিছু চাইতে হলে あげます　ব্যবহার না করে ください　বলতে হয়। আমরা আরেকটি উদাহরণ দেখি।

これ を　ください。( দয়া করে এটি দেন।)

これ を　みせて　ください。( দয়া করে এটি দেখান।)

CS CamScanner

**Final part:** জাপানি ভাষায় মানুষ গণনার কাজে にん ব্যবহার করা হয়।

**Example:**

**(1)** この　クラス　に がくせい　は　なん　にん　が　います か。( ঐ ক্লাসে ছাত্র কতজন?)

**(2)** ひゃく　にん　が　います。( একশ জন ছাত্র আছে।)

## なん　にん= কতজন?

জাপানি ভাষায় だけ অর্থ হলো Only. এখন だけ ব্যবহার করে একটা উদাহরণ দেখি:

やすみ　は　にちようび　だけ　です。

( ছুটি শুধুমাত্র রবিবার।)

# Lesson-12

## Rules-1: Noun+は+Noun+より+Adjective+です。

**উপরের formula তে পাশাপাশি অবস্থিত দুটি Noun এর তুলনা করা হয় একটি বিশেষন কে কেন্দ্র করে।**

CamScanner

উদাহরণ:

**(1)** মাংস মাছের চেয়ে দামী।/ মাছের চেয়ে মাংস এর দাম বেশি।

にく　は　さかな　より　たかい　です。

**(2)** জাপানের জনসংখ্যা বাংলাদেশের জনসংখ্যার চেয়ে কম।

にほん　の　じんこう　は　バングラデシュ　の　じんこう　より　すくない　です。

**(3)** ঢাকা থেকে টোকিও অনেক ঠান্ডা।

とうきょう　は　ダッカ　より　とても　さむい　です。

## Rules-2: Noun+ と + Noun+ と + どちらが +Adjective+ですか。

**উপরের formula তে দুটি Noun এর মধ্যে যেকোন একটি Noun এর বিশেষন সম্পর্কে জানার জন্য question করা হয়।**

উদাহরণ:

**(1)** ফুটবল ও বেসবলের মধ্যে কোনটি বেশি মজার?

サッカー　と　やきゅう　と　どちら　が　おもしろい　ですか。

**Answer:** サッカー　の　ほうが

CamScanner

おもしろい　です。( ফুটবলই বেশি মজার।)

উপরের question এর কোন format এ দিতে হয় , আশাকরি সবাই বুঝতে পেরেছেন।

**(2)** জাপান ও বাংলাদেশের মধ্যে কোনটি বড় দেশ?

にほん　と　バングラデシュ　と　どちら　が　おおきい　くに　ですか。

**Answer:** にほん　の　ほうが　おおきい

くに　です。

জাপান-ই বড় দেশ।

**(3)** মাছ ও মাংস এর মধ্যে কোনটি বেশি পছন্দ করেন?

さかな　と　にく　と　どちら　が　好き　ですか。

**Answer:** さかな　の　ほうが　好き　です

**বি:দ্র:** **আপনারা দয়াকরে উপরের rules মুখস্থ করবেন না। বেশি বেশি practice করবেন। Rules শুধুমাত্র বুঝানোর জন্য দেয়া হয়েছে। ব্যবহার করতে করতে যখন expert হবেন তখন naturally rules আপনার brain এবং ঠোঁটে সেট হয়ে যাবে ।**

## Rules-3: Noun এর present positive and present Negative.

**(1)** আজ বৃষ্টি আছে।

きょう　は　あめ　です。

**(2)** আজ বৃষ্টি নেই।

きょう　は　あめ　じゃありません。

**(3)** সে একজন ডাক্তার।

かれ　は　いしゃ　です。

**(4)** সে ডাক্তার নয়।

かれ　は　いしゃ　じゃありません。

## Rules-4: Noun এর past positive and past negative.

**(1)** গতকাল রোদ ছিল।

きのう　は　はれ　でした。

**(2)** গতকাল রোদ ছিল না।

きのう　は　はれ　じゃありませんでした。

## Final part: いちばん( সবচেয়ে)

CS CamScanner

**(1)** にほん　りょうり　で　なに　が　　いちばん おいしい ですか。

( জাপানের খাবারের মধ্যে কোনটি সবচেয়ে সুস্বাদু?)

てんぷら　が　いちばん　おいしい　です

( তেনপুরা সবচেয়ে সুস্বাদু।)

# Lesson-13

## Rules-1:　　が　ほしい　です

**はしい অর্থ চাওয়া। ほしい এর particle が বসে।**

**Example:**

あなた　は　なに　が　ほしい　ですか。

( তুমি কি চাও?)

**Answer:**

わたし　は　くるま　が　ほしい　です。

( আমি গাড়ি চাই।)

わたし　は　おかね　が　ほしい　です。

( আমি টাকা চাই।)

わたし　は　にほん　の　とけい　が　ほしい　です。

CamScanner

( আমার জাপানের গড়ি চাই।)

## Rules-2: Steam of verb+たい

**Verb এর Steam বলতে কোন verb এর ます এর পূর্বের part কে বুঝায়। যেমন: いきます verb এর steam হলো いき。আমরা rules -1 এ শিখেছিলাম যে কোন কিছু চাওয়া অর্থে が ほしい ব্যবহার করা হয়। が ほしい শুধুমাত্র Noun এর চাওয়া অর্থে ব্যবহৃত হয়। কিন্তু verb এর চাওয়া অর্থে উপরের rules ব্যবহার করতে হবে।**

**Example:**

なに を したい ですか。

( কি করতে চাও?)

**Answer:**

わたし は カメラ を かいたい です

( আমি ক্যমেরা কিনতে চাই।)

わたし は けっこんしたい です。

( আমি বিয়ে করতে চাই।)

わたし は かぞく に あいたい です

( আমি পরিবারের সাথে দেখা করতে চাই।)

CamScanner

わたし　は　がいこく　で　はたらきたい　です。

( আমি বিদেশে কাজ করতে চাই)

এখন উপরের বাক্য গুলোকে যদি negative করতে চাই তাহলে কি করতে হবে এর জন্য নিচের উদাহরণ গুলোতে চোখ রাখি। তবে এর জন্য আমি কোন rules লিখব না। Rules automatically আপনারা ধরতে পারবেন।

**<u>Example</u>:**

わたし　は　カメラ　を　かいたくない　です。( আমি ক্যামেরা কিনতে চাই না।)

わたし　は　けっこんしたくない　です。

( আমি বিয়ে করতে চাই না।)

わたし　は　かぞく　に　あいたくない　です。( আমি পরিবারের সাথে দেখা করতে চাই না।)

わたし　は　がいこく　で　はたらきたくない　です。( আমি বিদেশে কাজ করতে চাই না।)

| | |
|---|---|
| かいたい | かいたくない |
| けっこんしたい | けっこんしたくない |
| あいたい | あいたくない |

CamScanner

はたらきたい　　　　はたらきたくない

## Rules-3: Steam of verb + に いきます এই format এর অর্থ হলো জন্য যাব।

**Example:**

あなは　は　きょうと　へ　なに　を　し　に　いきますか
。

( তুমি কিয়োতো কি করার জন্য যাবে?)

**Answer:**

わたし　は　きょうと　へ　あそび　に

いきます。( আমি কিয়োতো বেড়ানোর জন্য যাব।)

わたし は　きょうと　へ　たべ に　いきます。( আমি কিয়োতো খাওয়ার জন্য যাব।)

わたし　は　きょうと　へ　かいもの　に

いきます。( আমি কিয়োতো কেনাকাটার জন্য যাব।)

## Final part:

どこか[へ] いきますか。

CamScanner

তুমি কি কোথাও যাবে?

だいがく　へ　いきます。

なにか[を] のみますか。

কিছু পান করবে?

みず　を　のみます。

( পানি পান করব)

আশাকরি সবাই どこか　এবং なにか　এর ব্যবহার বুঝতে পেরেছেন। এই দুটি ব্যবহার করে question করার সময় উপরের 3rd bracket a আটকানো particle use না করলেও হবে। করলেও হবে। But answer দেওয়ার সময় প্রয়োজনীয় particle must ব্যবহার করতে হবে। আশাকরি সবাই বুঝতে পেরেছেন।

# Lesson-14

